

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

(মূল্য সংযোজন কর)

বিশেষ আদেশ



বিশেষ আদেশ নং- ১/মূসক/২০২৫

তারিখঃ ২২ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ।
০৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ মেট্রোরেল সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

যেহেতু, মেট্রোরেল বাংলাদেশের সর্বাধুনিক ও জনপ্রিয় গণপরিবহন; মেট্রোরেল যানজট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখিবার পাশাপাশি কর্মঘণ্টা সাশ্রয়ে অগ্রনি ভূমিকা পালন করিতেছে; মেট্রোরেলকে অধিক জনপ্রিয় করিবার লক্ষ্যে ইহার যাতায়াত ব্যয় সাশ্রয়ী করা প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, দ্রুতগামী, নিরাপদ, সময় সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর পরিবহন ব্যবস্থা মেট্রোরেল সেবার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী]

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা।

(তাইহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৬৩.১৪/০২(১৪)

তারিখঃ ২২ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ।
০৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৩। সদস্য (মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ২১। মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।
- ২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা উত্তর/দক্ষিণ/চট্টগ্রাম।
- ২৩-২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য
অনুরোধ করা হলো)।
- ২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোং লি., প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।



[ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুসী]
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)